Apex Holdings Limited
Rupayan Golden Age, 5th & 6th Floor, 99 Gulshan Avenue, Dhaka-1212, Bangladesh.
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

# শিশু শ্রম নীতিমালা
# CHILD LABOR POLICY

☐ এপেক্স ল্যানজারী লিঃ ☐ এপেক্স ইয়ার্ন ডাইং লিঃ ☐ এপেক্স ফ্যাশন ওয়্যার লিঃ
☐ এপেক্স স্পিনিং এন্ড নিটিং মিলস্ লিঃ ☐ এপেক্স টেক্সটাইল প্রিন্টিং মিলস্ লিঃ

## ১.১ মূলনীতিঃ

এপেক্স হোল্ডিংস্ লিমিটেড কর্তৃপক্ষ সর্বদা বিশ্বাস করে যে, দক্ষ জনবলের উপরই উৎপাদনশীলতা নির্ভরশীল। সঠিক কাজের জন্য সঠিক ব্যক্তি নিয়োগের উদ্দেশ্য সবসময়ই একটি নিরপেক্ষ, নিখুঁত ও অংশগ্রহনমূলক নিয়োগ পদ্ধতি অনুসরন করে থাকে। উৎপাদনের সকল স্তরে শিশুশ্রম বা শিশু শ্রমিক নিয়োগ সম্পূর্ন নিষিদ্ধ।
যে কোন প্রকার নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর কর্মযোগ্যতাকেই অন্যতম শর্ত হিসেবে বিবেচনা করা হয়। প্রার্থীকে অবশ্যই শারীরিক ও মানসিকভাবে কর্মক্ষম সু-স্বাস্থের অধিকারী এবং প্রাপ্ত বয়স্ক হতে হবে। সকল প্রার্থীকে ডাক্তার কর্তৃক বয়স যাচাই করা হয়। প্রার্থীর বয়স সঠিক ভাবে প্রমানিত হওয়া সাপেক্ষেই তাকে পরবর্তী সাক্ষাৎকারের জন্য মনোনীত করা হয়।

## ১.২ উদ্দেশ্য ও লক্ষ্যঃ

এপেক্স হোল্ডিংস্ লিমিটেড কোম্পানীর অভ্যন্তরে শিশুশ্রম মুক্ত কর্মপরিবেশ গড়ে তোলাই এই নীতিমালার উদ্দেশ্য। কারখানার অভ্যন্তরে শিশুশ্রম নিরসন ও প্রতিরোধ করার জন্য একটি সুনির্দিষ্ট "শিশুশ্রম নীতি" প্রনয়ন করা হয়েছে। এপেক্স কর্তৃপক্ষ কখনও প্রচলিত আইনের বিরুদ্ধে কোন প্রকার নিয়োগে উৎসাহিত করে না। এছাড়া এ প্রতিষ্ঠান যে কোন প্রকার শিশুশ্রম হইতে সম্পূর্ন মুক্ত রাখতে এই প্রতিষ্ঠান বদ্ধপরিকর এবং ইহা বাস্তবায়ন করা এই নীতির লক্ষ্য।

## ১.৩ আওতাঃ

এই নীতিমালা এপেক্স হোল্ডিংস লিঃ এর ব্যবস্থাপনায় পরিচালিত উপরোল্লিখিত কারখানাসমূহের সকল কর্মস্থলে বা পন্য উৎপাদন এলাকার জন্য এবং ভবিষ্যতে যদি একই ব্যবস্থাপনায় নতুন কোন প্রতিষ্ঠান গঠিত হয় তাহলে সেই প্রতিষ্ঠানেও সমভাবে প্রযোজ্য হবে। প্রতিষ্ঠানের সকল শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাগণ তাদের স্ব-স্ব অবস্থানে থেকে কারখানায় উৎপাদনের সকল স্তরে এই নীতিমালা মেনে চলতে বাধ্য থাকবে।

## ১.৪ অঙ্গীকারঃ

কর্মক্ষেত্রে কোন শিশুশ্রমিক নিয়োগ বা কোন শিশুশ্রমিক কর্তৃক কোন কাজ সম্পাদনের কোন অভিযোগ উত্থাপিত হলে এপেক্স হোল্ডিংস্ লিমিটেড কর্তৃপক্ষ তা প্রতিকারের জন্য দৃঢ় প্রতিজ্ঞ ও অঙ্গিকারাবদ্ধ। এই নীতিমালা বাস্তবায়ন করতে প্রধানত রাষ্ট্রীয় ও আন্তর্জাতিক আইন মেনে চলা হয়, তবে প্রয়োজন হলে রাষ্ট্রীয় ও আন্তর্জাতিক আইন লঙ্ঘন না করে ক্ষেত্রবিশেষে ক্রেতাদের আচরণবিধি (COC) ও নিয়মও মানা হতে পারে। এপেক্স হোল্ডিংস্ লিমিটেড এই নীতি কার্যকর করতে আইএলও কনভেনশন, বাংলাদেশ শ্রম আইন ২০০৬, বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫ এবং গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংবিধান যথাযথ ভাবে অনুসরন করবে।

REVIEWED Date 13 JAN 2019
REVIEWED Date 15 JAN 2020
REVIEWED Date 03 JAN 2021
REVIEWED Date 05 JAN 2022
Apex Holdings Limited GAZIPUR

| Prepared By | Approved By |
|---|---|
| Tareq Ahmed Khan | Eifaz Ahmed |
| Asst. General Manager | Director |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| অনুমোদনের তারিখ | | : | ০১-ডিসেম্বর-২০১৩ | পলিসি নং | | : | ০০৪ |
| রিভিশন নং | : | ০৩ | রিভিউ তারিখ | : | ০১-ফেব্রুয়ারী-২০১৮ | কার্যকর তারিখ : | ০১-ফেব্রুয়ারী-২০১৮ |

**Apex Holdings Limited**

Rupayan Golden Age, 5th & 6th Floor, 99 Gulshan Avenue, Dhaka-1212, Bangladesh.
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

# শিশু শ্রম নীতিমালা

# CHILD LABOR POLICY

## শিশু ও কিশোর নিয়োগে বাধা-নিষেধ (বাংলাদেশ শ্রম আইন ২০০৬, ধারা-৩৪)ঃ

(১) কোন পেশায় বা প্রতিষ্ঠানে কোন শিশুকে নিয়োগ করা যাবে না বা কাজ করতে দেয়া যাবে না।

(২) কোন পেশায় বা প্রতিষ্ঠানে কোন কিশোরকে নিয়োগ করা যাইবে না বা কাজ করিতে দেওয়া যাইবে না, যদি না- (ক) বিধি দ্বারা নির্ধারিত ফরমে একজন রেজিস্টার্ড চিকিৎসক কর্তৃক তাহাকে প্রদত্ত সক্ষমতা মালিকের হেফাজতে থাকে, এবং (খ) কাজে নিয়োজিত থাকা কালে তিনি উক্ত প্রত্যয়ন পত্রের উল্লেখ সম্বলিত একটি টোকেন বহন করেন।

(৩) কোন পেশা বা প্রতিষ্ঠানে কোন কিশোর শিক্ষাধীন হিসাবে অথবা বৃত্তিমূলক প্রশিক্ষনের জন্য নিয়োগের ক্ষেত্রে উপ-ধারা (২) এর কিছুই প্রযোজ্য হবে না।

(৪) সরকার যদি মনে করে যে, কোন জরুরী অবস্থা বিরাজমান এবং জনস্বার্থে ইহা প্রয়োজন, তাহলে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উহাতে উল্লেখিত সময়ের জন্য উপ-ধারা (২) এর প্রয়োগ স্থগিত ঘোষনা করতে পারবে।

## শ্রমিক নিয়োগের ক্ষেত্রে বিবেচ্য বিষয়ঃ

(ক) ১৪ বছরের নীচে কোন শ্রমিক নিয়োগ করা যাবে না।

(খ) নিয়োগের সময় তার বয়স যাচাই করার জন্য জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন/ পাসপোর্ট এবং শিক্ষাগত যোগ্যতার সনদপত্র যাচাই করা হবে। এছাড়া রেজিস্টার চিকিৎসক কতক তার বয়স যাচাই করা হবে।

## ১৪ বছর পূর্ণ হইয়াছে কিন্তু ১৮ বছর পূর্ণ হয় নাই তাহাকে কিশোর হিসেবে গণ্য করা হইবে - বাংলাদেশ শ্রম আইন ২০০৬, ধারা-২(৮)।

এপেক্স হোল্ডিংস্ লিমিটেড কাজের সক্ষমতা বিবেচনায় বয়স যাচাই করে শ্রমিক শ্রমিক নিয়োগ করে থাকেন। যদি প্রয়োজনে কিশোর শ্রমিক নিয়োগ করা হয় তাহলে, রেজিস্টার্ড চিকিৎসক কর্তৃক তাহার সক্ষমতার প্রত্যয়ন পূর্বক নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ অনুসরন করা হবে-

ক) কোন কিশোর শ্রমিককে দিয়ে কারখানায় দৈনিক ৫ (পাঁচ) ঘন্টার অধিক এবং সপ্তাহে ৩০ (ত্রিশ) ঘন্টার অধিক কাজ করানো হইবে না।

খ) কিশোর শ্রমিককে সন্ধ্যা ৭:০০ ঘটিকা হইতে সকাল ৭:০০ ঘটিকার মধ্যবর্তী সময়ে কোন কাজ করানো হইবে না।

গ) কিশোর শ্রমিকের সম্মতিক্রমে যদি তাহাকে দিয়ে অধিককাল কাজের প্রয়োজন হয়, তবুও তাহার মোট কাজের সময় সপ্তাহে ৩৬ (ছত্রিশ) ঘন্টার অধিক হইবে না।

ঘ) কিশোর শ্রমিককে কেবলমাত্র একটি রীলেতে নিয়োগ দেওয়া হইবে।

ঙ) বাংলাদেশ শ্রম আইনের সাপ্তাহিক ছুটি সংক্রান্ত বিধান কিশোর শ্রমিকের জন্য প্রযোজ্য হইবে।

চ) কর্মঘন্টার নোটিশ বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নোটিশ বোর্ডে প্রদর্শন করা হইবে।

ছ) ঝুঁকিপূর্ণ ও বিপদজনক যন্ত্রপাতির কাজে কিশোর শ্রমিককে নিয়োগ করা হইবে না।

জ) কিশোর শ্রমিকের জন্য একটি আলাদা রেজিস্টার সংরক্ষণ করা হবে।

ঝ) কারখানার যন্ত্রপাতি চালু অবস্থায় উহা পরিস্কারের জন্য, উহাতে তেল প্রদানের জন্য বা উহাকে সুবিন্যস্ত করার জন্য বা উক্ত চালু যন্ত্রপাতির ঘূর্ণায়মান অংশগুলির মাঝখানে কোন কিশোরকে কাজ করতে অনুমতি দেয়া যাবে না।

ঞ) কোন কিশোরকে দিয়ে যন্ত্রপাতির কোন কাজ করানো যাবে না, যদি না-তাকে উক্ত যন্ত্রপাতি সংক্রান্ত বিপদ সম্পর্কে এবং এই ব্যাপারে সাবধানতা অবলম্বন সংক্রান্ত সম্পূর্ণভাবে ওয়াকেবহাল করানো হয়। তিনি যন্ত্রপাতিতে কাজ করার জন্য যথেষ্ট প্রশিক্ষণ গ্রহন করিয়াছেন, অথবা যন্ত্রপাতি সংক্রান্ত অভিজ্ঞ এবং পুরোপুরি জ্ঞানসম্পন্ন ব্যাক্তির তত্ত্বাবধানে কাজ করেন। (এইগুলি এমন বিপজ্জনক যে কোন কিশোরের পক্ষে কাজ করা উচিত নহে এবং সরকার সময়ে সময়ে গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে অত্যন্ত ঝুকিপূর্ণ কাজের যে তালিকা প্রকাশ করবে ঐ সকল কাজে কোন কিশোরকে নিয়োগ করা যাবে না।)

**Apex Holdings Limited**

Rupayan Golden Age, 5th & 6th Floor, 99 Gulshan Avenue, Dhaka-1212, Bangladesh.
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

# শিশু শ্রম নীতিমালা

## CHILD LABOR POLICY

ট) ১৮ বছরের কম বয়সী কোন শ্রমিকে জোর করে কোন কাজে নিয়োগ, অশ্লীলতা বা অবৈধ ক্রিয়াকলাপে জন্য জোর বা চাপ প্রয়োগ বা তাদের শারীরিক, মানসিক বা যৌন নিযতন করা যাবে না ।

## শিশু শ্রমিক প্রতিকার মূলক ব্যবস্থা ঃ

**এপেক্স হোল্ডিংস লিমিটেড কর্তৃপক্ষ কখনই শিশু শ্রমিক নিয়োগ করে না । যদি ভুলক্রমে শিশু শ্রমিক নিয়োগ করা হয় এবং তা যদি পরবর্তিতে সনাক্ত করা হয়, সেক্ষেত্রে নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ অনুসরন করা হইয়া থাকে-**

**১৪ বছরের নিচে সকলকেই শিশু হিসাবে গণ্য করা হইবে।**

ক) শিশু শ্রমিক নিয়োগ প্রতিরোধে নিয়োগের সাথে দায়িত্ব প্রাপ্ত ব্যাক্তিদের প্রশিক্ষন প্রদান করা হবে এবং যথাযথ ভাবে মানবসম্পদ বিভাগের কর্মকতা ও রেজিস্টার চিকিৎসক দ্বারা বয়স যাচাই করা হবে।

(খ) ভূলক্রমে কাজে নিয়োজিত শিশুকে তত্ক্ষণাৎ প্রত্যাহার করতে হবে। এবং তাকে নিরাপদ স্থানে ফিরিয়ে এনে তার নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

গ) শিশুকে তার পিতামাতা অথবা আইনগত অভিভাবককের নিকট অনতিবিলম্বে সোপর্দ করতে হবে।

ঘ) উক্ত শিশুর স্কুলের বই, খাতা-পত্র, স্কুলের বেতন ভাতা এবং আনুষাঙ্গিক খরচ কারখানা কর্তৃপক্ষ বহন করবে।

ঙ) উক্ত শিশু শ্রমিককে কাজে নিযুক্ত না করিলেও মাসিক হারে একটি ভাতা/বৃত্তি প্রদান করা হইবে।


চ) শিশুর পরিবারের কেউ কর্মক্ষম ও যোগ্য হলে কোম্পানী তাকে চাকুরী প্রদানের ক্ষেত্রে বিবেচনা করিবে।

ছ) শিশু শ্রমিককে কারখানায় কোন কাজে নিযুক্ত করা হইবে না, তবে বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা-৪৪ অনুযায়ী তাহার বয়স যদি ১৪ বছরের অধিক হয় সেক্ষেত্রে তাহাকে হালকা কোন কাজে নিয়োগ করা যাইবে যাহা তাহার স্বাষ্থ্য ও উন্নতির জন্য বিপদজজনক নহে অথবা যাহা তাহার শিক্ষা গ্রহনকে বিঘ্নিত করিবে না। এবং শিশু যদি বিদ্যালয়গামী হয় তাহলে তার কর্মসময় এমনভাবে নির্ধারন করতে হবে যেন ইহা তার বিদ্যালয় গমনকে বিঘ্নিত না করে। শিশু শ্রমিককে কাজে নিযুক্ত করার ক্ষেত্রে বাংলাদেশ শ্রম আইন ২০০৬-এর কিশোর শ্রমিক সংক্রান্ত সকল বিধান প্রযোজ্য হইবে।

জ) শিশু শ্রমিকের জন্য একটি আলাদা রেজিষ্টার সংরক্ষণ করিতে হইবে।

## ২. অর্গানাইজেশন

### ২.১ বাস্তবায়নকারী দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গঃ



**Apex Holdings Limited**
Rupayan Golden Age, 5th & 6th Floor, 99 Gulshan Avenue, Dhaka-1212, Bangladesh.
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

# শিশু শ্রম নীতিমালা
# CHILD LABOR POLICY

## ২.২ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দায়িত্ব ও কর্তব্যঃ

২.২.১ বিভাগীয় প্রধান (এডমিন এন্ড এইচ আর) (কারখানা)ঃ

- এপেক্স হোল্ডিংস্ লিমিটেড এর বিভাগীয় প্রধান (এডমিন এন্ড এইচ আর) কোম্পানীর শিশুশ্রম নীতি বাস্তবায়নের প্রধান দায়িত্বে থাকিবেন।
- উক্ত পলিসি সংশোধন, পরিমার্জন, নবায়ন এবং অনুমোদন সংক্রান্ত চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ।

২.২.২ ব্যবস্থাপক (এডমিন এন্ড এইচ আর)ঃ

- শিশুশ্রম সংক্রান্ত নীতি প্রণয়ন ও তার বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ।
- নিয়োগের ক্ষেত্রে শিশুশ্রম সংক্রান্ত কোন অভিযোগ উত্থাপিত হলে তা পর্যালোচনা করা।
- প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে তদন্ত কমিটি গঠন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ।

২.২.৩ ব্যবস্থাপক (কম্প্লায়েন্স)ঃ

- উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ ও অনুমতি সাপেক্ষে শিশুশ্রম নিরসনে ও শ্রমিকদের এ বিষয়ে সচেতনতা বৃদ্ধিকল্পে প্রশিক্ষণ, প্রচারনামূলক পদক্ষেপ গ্রহণ করা।
- নিয়মিত মিড-লেভেল মেনেজম্যান্ট এবং সুপারভাইজরদের সাথে মতবিনিময় করা।
- প্রতি দুইমাস আন্তর ট্রেড ইউনিয়নের সদস্য এবং অংশগ্রহণকারী কমিটির সদস্যদের সাথে মতবিনিময় করা এবং উর্ধ্বর্তন কর্তৃপক্ষের নিকট মতামত ও সমস্যা সমূহ সমাধানের জন্য প্রেরণ করা।

২.২.৪ নির্বাহী (এডমিন এন্ড এইচ আর)ঃ

- শ্রমিক নিয়োগের সময় যথাযথভাবে নিয়োগ নীতি অনুসরন করবে।
- ফ্লোর থেকে প্রাপ্ত অভিযোগ তাৎক্ষনিক সমাধান করা এবং প্রয়োজনে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাহায্য গ্রহণ।

২.২.৫ কল্যাণ কর্মকর্তাঃ

- ফ্লোর মনিটরিং করা।
- শ্রমিক, ট্রেড ইউনিয়নের প্রতিনিধি, বিভাগীয় প্রধান এবং সুপারভাইজরদের সাথে যোগাযোগ রক্ষা করা।
- শিশুশ্রম নীতি সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে সতর্কীকরণ ও প্রশিক্ষন প্রদান।
- শিশুশ্রম সংক্রান্ত কোন অনুযোগ/অভিযোগ পাওয়া গেলে তা তাৎক্ষণিক ক্ষতিয়ে দেখা, সমাধান করা এবং
- সমস্যাগুলো উর্ধ্বর্তন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন এবং মাসে একবার সংশ্লিষ্ট সকলের সাথে মত বিনিময় করা।

২.২.৬ নিরাপত্তা বিভাগঃ

- নিরাপত্তা বিভাগের সদস্যগন ফ্যাক্টরীর প্রধান গেটে নিশ্চিত করবে যে কারখানায় কোন শিশু শ্রমিক প্রবেশ করে নাই। এই জাতীয় কোন সমস্যার উদ্ভব হলে তৎক্ষনাত প্রশাসনিক বিভাগে জানাতে হবে এবং প্রশাসনিক বিভাগের দেয়া নির্দেশনা অনুযায়ী পরবর্তি পদক্ষেপ নিতে হবে।

২.২.৭ মেডিকেল বিভাগঃ

- কারখানার নিয়োগকৃত রেজিস্টার্ড চিকিৎসক শ্রমিক নিয়োগের সময় প্রত্যেকটি প্রার্থীকে আলাদাভাবে যাচাই বাছাই করবে এবং শারীরিক সক্ষমতা ও বয়স নিরুপনের ফরম পূরণ করে স্বাক্ষর ও সীল সম্বলীত সনদ প্রদান করবে।

২.২.৮ বিভাগীয় প্রধান (সংস্লিস্ট বিভাগ)ঃ

- নিয়োগ সংক্রান্ত কাজে সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধানগন ও কর্মকর্তারা কোম্পানীর শিশুশ্রম নীতি বাস্তবায়নের জন্য বিভাগীয় প্রধান (এডমিন এন্ড এইচ আর) কে সহযোগীতা করবেন এবং সংশ্লিষ্ট সকলে নিশ্চিত করিবে যে কারখানায় কোন শিশু শ্রমিক নেই।

Apex Holdings Limited
Rupayan Golden Age, 5th & 6th Floor, 99 Gulshan Avenue, Dhaka-1212, Bangladesh.
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

# শিশু শ্রম নীতিমালা
## CHILD LABOR POLICY

## ৩. নীতি বাস্তবায়ন করার রুটিন ও কর্মপদ্ধতিঃ

| কাজ | বাস্তবায়ন প্রক্রিয়া | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা | বাস্তবায়নের সময় |
|---|---|---|---|
| ৩.১ শিশু শ্রমকে প্রতিষ্ঠানে অনুমোদন না করা। | নিয়োগ নীতির সঠিক বাস্তবায়নের মাধ্যমে | বিভাগীয় প্রধান (এইচ আর, এডমিন এন্ড কম্প্লায়েন্স) | সব সময় |
| ৩.২ কোন কর্মকর্তা কর্মচারী ও শ্রমিক নিয়োগের সময় কোন শিশু শ্রমিক নিয়োগ করা যাবেনা। | সঠিক নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে | বিভাগীয় প্রধান (এইচ আর, এডমিন এন্ড কম্প্লায়েন্স)ও ব্যবস্থাপক(প্রশাসন) | নিয়োগর সময় |
| ৩.৩ নিয়োগের ক্ষেত্রে শিশুশ্রম সংক্রান্ত কোন অভিযোগ উত্থাপিত হলে তা পর্যালোচনা করা। এবং প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে তদন্ত কমিটি গঠন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ। | সঠিক নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে | ব্যবস্থাপক(প্রশাসন) | নিয়োগর সময় |
| ৩.৪ শিশুশ্রম নিরসনে ও শ্রমিকদের এ বিষয়ে সচেতনতা বৃদ্ধিকল্পে প্রশিক্ষণ, প্রচারনামূলক পদক্ষেপ গ্রহণ করা এবং নিয়মিত মিড-লেভেল মেনেজম্যান্ট এবং সুপারভাইজরদের সাথে মতবিনিময় করা। | প্রশিক্ষন ও যোগাযোগের মাধ্যমে | ব্যবস্থাপক(প্রশাসন) ও ব্যবস্থাপক(কম্প্লায়েন্স) ও কল্যান কর্মকর্তা | সব সময় |
| ৩.৫ নিরাপত্তা বিভাগের সদস্যগন ফ্যাক্টরীর প্রধান গেটে নিশ্চিত করবে যে কারখানায় কোন শিশু শ্রমিক প্রবেশ করে নাই। | এই জাতীয় কোন সমস্যার উদ্ভব হলে তত্ক্ষনাৎ প্রশাসনিক বিভাগে জানাতে হবে এবং প্রশাসনিক বিভাগের দেয়া নির্দেশনা অনুযায়ী পরবর্তি পদক্ষেপ গ্রহনের মাধ্যমে। | নিরাপত্তা বিভাগ | সব সময় |
| ৩.৬ কারখানার নিয়োগকৃত রেজিষ্টার্ড চিকিৎসক শ্রমিক নিয়োগের সময় প্রত্যেকটি প্রার্থীকে আলাদাভাবে যাচাই বাছাই করবে এবং শারীরিক সক্ষমতা ও বয়স নিরুপনের ফরম পূরণ করে স্বাক্ষর ও সীল সম্বলীত সনদ প্রদান করবে। | নিয়োগ নীতির সঠিক প্রয়োগের মাধ্যমে | মেডিকেল বিভাগ | নিয়োগর সময় |
| ৩.৭ নিয়োগ সংক্রান্ত কাজে সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধানগন ও কর্মকর্তারা কোম্পানীর শিশুশ্রম নীতি বাস্তবায়নের জন্য বিভাগীয় প্রধান (এডমিন, এইচ আর এন্ড কম্প্লায়েন্স) কে সহযোগীতা করবেন এবং সংশ্লিষ্ট সকলে নিশ্চিত করিবে যে কারখানায় কোন শিশু শ্রমিক নেই। | মানব সম্পদ ও প্রশাসন বিভাগের সাথে যোগাযোগের মাধ্যমে। | সকল বিভাগীয় প্রধান | সব সময় |

Apex Holdings Limited
Rupayan Golden Age, 5th & 6th Floor, 99 Gulshan Avenue, Dhaka-1212, Bangladesh.
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

# শিশু শ্রম নীতিমালা
# CHILD LABOR POLICY

## ৪. যোগাযোগ পদ্ধতিঃ

| কাজ | বাস্তবায়ন প্রক্রিয়া | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা | বাস্তবায়নের সময় | সময় সীমা |
|---|---|---|---|---|
| ৪.১ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সাথে যোগাযোগ।<br>(সহকারী মহাব্যবস্থাপক থেকে পরিচালক পর্যন্ত) | জেনারেল মিটিং এ আলোচনার মাধ্যমে অথবা ই-মেইলের মাধ্যমে অবহিত করতে হবে এবং সভার কার্য বিবরনী সংযোজন করে তা সংরক্ষণ করতে হবে। | বিভাগীয় প্রধান (এইচ আর এন্ড এডমিন) | নিয়মিত | নীতি নির্ধারনের পর বলবৎ হবে |
| ৪.২ দায়িত্ব প্রাপ্ত দলের সাথে যোগাযোগ | সাধারণ মিটিং এর মাধ্যমে সবাইকে অবগত করণ এবং প্রত্যেকে এই পলিসি বুঝেছে এই মর্মে স্বাক্ষর গ্রহণ। | বিভাগীয় প্রধান (এইচ আর এন্ড এডমিন) | নীতিমালা প্রনয়ন হওয়ার পর। | নীতি নির্ধারনের পর বলবৎ হবে |
| ৪.৩ কারখানার সকল কর্মকর্তা ও উৎপাদন স্টাফদের উক্ত নীতিমালা সম্পর্কে অবহিত করা হবে। তাছাড়াও শিশুশ্রম নীতি বাস্তবায়ন পদ্ধতি সম্পর্কে ধারণা প্রদান করা | সাধারণ মিটিং এর আয়োজনের মাধ্যমে সবাইকে অবগত করা এবং প্রত্যেকে উক্ত পলিসি বুঝে পেয়েছে বা অবগত হয়েছে এই মর্মে স্বাক্ষর গ্রহণ করা এবং প্রশ্ন-উত্তর পর্ব সহ সভার কার্য বিবরনী সংরক্ষন। | ব্যবস্থাপক (কমপ্লায়েন্স)<br>ও<br>কল্যাণ কর্মকর্তা | প্রতি ছয় মাসে কমপক্ষে একবার | সবসময় বলবৎ থাকবে |
| ৪.৫ নোটিশ বোর্ড ও পি এ সিস্টেমের মাধ্যমে যোগাযোগ | পিএ সিস্টেমের মাধ্যমে শ্রমিক-কর্মচারীদের শিশু শ্রমিক নীতি সম্পর্কে অবহিত করা। এবং ইহাসহ অন্যান্য নীতি নোটিশ বোর্ডের মাধ্যমে যোগাযোগ করতে হবে | ব্যবস্থাপক(প্রশাসন)<br>ব্যবস্থাপক(কমপ্লায়েন্স)<br>কল্যান কর্মকর্তা/ নির্বাহী | নিয়মিত | সবসময় বলবৎ থাকবে |
| ৪.৬ নতুন কর্মীদের ওরিয়েনটেশন, রিফ্রেশার ট্রেনিং, মিড-লেবেল ম্যানেজম্যান্ট মিটিং এ উক্ত নীতি সম্পর্কে ধারণা প্রদান করা | মিটিং এর আয়োজনের মাধ্যমে সবাইকে অবগত করা এবং প্রত্যেকে উক্ত পলিসি বুঝে পেয়েছে বা অবগত হয়েছে এই মর্মে স্বাক্ষর গ্রহণ করা। | ব্যবস্থাপক (কমপ্লায়েন্স)<br>ও<br>কল্যাণ কর্মকর্তা | নিয়মিত | সবসময় বলবৎ থাকবে |
| ৪.৭ পুরাতন শ্রমিকদের সাথে যোগাযোগ | সচেনতামূলক ট্রেনিং এর মাধ্যমে প্রতি ছয় মাসে একবার শ্রমিকদের সাথে শিশু শ্রমিক নীতি বিষয়ে আলোচনা করবে। উল্লেখ্য উক্ত মিটিং এ ইহা ছাড়াও অন্যান্য বিষয়েও আলোচনা করা হবে। | নির্বাহী<br>(এডমিন এন্ড এইচ আর)<br>ও<br>কল্যাণ কর্মকর্তা | প্রতি ছয় মাসে একবার | সবসময় বলবৎ থাকবে |
| ৪.৮ শিশু শ্রমিক নীতি কারখানার নোটিশ বোর্ডে দেওয়া | নোটিশ বোর্ডে টানানো নীতি পড়ে শ্রমিক-কর্মচারী ও কর্মকর্তাবৃন্দ উক্ত নীতির কারণ, বাস্তবায়ন ইত্যাদি বিষয়ে অবগত হতে পারবেন। | ব্যবস্থাপক(প্রশাসন)<br>ব্যবস্থাপক(কমপ্লায়েন্স)<br>কল্যান কর্মকর্তা/ নির্বাহী | নিয়মিত | সবসময় বলবৎ থাকবে |

Apex Holdings Limited
Rupayan Golden Age, 5th & 6th Floor, 99 Gulshan Avenue, Dhaka-1212, Bangladesh.
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

# শিশু শ্রম নীতিমালা
# CHILD LABOR POLICY

## ৫. ফিডব্যাক এবং কন্ট্রোল ঃ

| ফিডব্যাক এবং কন্ট্রোল | কার্য পদ্ধতি | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা | সময় সীমা |
|---|---|---|---|
| ৫.১ ইন্টারনাল অডিট | ১. শ্রমিদের সাক্ষাৎকার গ্রহণ, ডকুমেন্ট রিভিউ<br>২. মিড লেভেল মেনেজমেন্টের সাক্ষাতকার।<br>৩. সম্পূর্ন নিয়োগ পদ্ধতি পর্যবেক্ষন এবং নিশ্চিত করণ যে নিয়োগ প্রক্রিয়ার কোন ধাপে শিশুশ্রমিক প্রবেশ করতে পারেনি।<br>৪. শ্রমিক নিয়োগ সম্পর্কিত নথি চেক করা। | ইন্টারনাল অডিট টিম | প্রতি তিন মাসে একবার |
| ৫.২ রিপোর্টিং | ইন্টারনাল অডিট হতে প্রাপ্ত বিষয়াদি নিয়ে একটি রিপোর্ট তৈরী করা হবে। উর্ধ্বতন কর্তৃপক্ষকে উক্ত বিষয় জানাতে হবে। | ব্যবস্থাপক(কমপ্লায়েন্স) ও ইন্টারনাল অডিট টিম | ইন্টারনাল অডিট সম্পন্ন করার পর |
| ৫.৩ নিয়ন্ত্রন | প্রতি ছয় মাসে অন্তত একবার কল্যাণ কর্মকর্তা ফ্লোরে একটি চেক লিস্ট দ্বারা এসেসমেন্ট করবে। | ব্যবস্থাপক(কমপ্লায়েন্স) ও কল্যাণ কর্মকর্তা | সব সময় |
| ৫.৪ প্রতিকার | এক্ষেত্রে এসেসমেন্ট এর মাধ্যমে প্রাপ্ত ফলাফল অনুযায়ী সকল রকম শিশুশ্রম বন্ধের লক্ষ্যে কর্তৃপক্ষ যেকোন সময় বিদ্যমান নীতিতে যদি সিস্টেম বা পক্রিয়াগত কোন পরিবর্তন প্রয়োজন হয় সেক্ষেত্রে সকল দেশীয় আইনের সাথে সঙ্গতি রাখিয়া যেকোন ধরনের পরিবর্তন, পরিমার্জন, পরিবর্ধন, সংযোজন অথবা বিয়োজন করিতে পারিবে। | বিভাগীয় প্রধান (এইচ আর এন্ড এডমিন) | সব সময় |